

১৭

Report

## চার নার্সিং ট্রেনিং সেন্টার কলেজে উন্নীত : বিএসসি কোর্স চালু হচ্ছে

আজ থেকে ফরম বিতরণ : ২৫০ জন ভর্তি

### মনিরুজ্জামান উজ্জ্বল

দেশে আন্তর্জাতিক মানের দক্ষ নার্স গড়ে তোলার লক্ষ্যে সরকারিভাবে অচিরেই বিএসসি

ইন নার্সিং কোর্স চালু হচ্ছে। কোর্সটি চালুর জন্য ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও ময়মনসিংহের চারটি নার্সিং ট্রেনিং সেন্টারকে (এনটিসি) বিপুল করে

নার্সিং কলেজে উন্নীত করা হয়েছে। এই প্রথমবারের মতো এ ৪টি কলেজে ২৫০ জন ছাত্রছাত্রী এ কোর্সে ভর্তির সুযোগ পাবেন। আড়া থেকে কলেজগুলোতে ফরম বিতরণ শুরু হবে আগামী ১০ ফেব্রুয়ারি ফরম জমা দেয়ার শেষ দিন।

ভর্তির আবেদনের ন্যূনতম মেগাজা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল নিঙ্গিয়ে কেউ ডিপিএ-৬ থাকতে হবে। কোন পরীক্ষায় ২ দর্শনিক ৫-এর নিচে ডিপিএ থাকলে আবেদন করা যাবে না। চলতি শিক্সমাসের ও বিগত দুই বছরের ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। প্রথমবারের মতো চালু হওয়া নার্সিং ইন বিএসসি কোর্সে ভর্তির ক্ষেত্রে কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। এবার শুধু মেধার ভিত্তিতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক মেডিকেল শিক্ষা ও উন্নয়ন প্রফেসর ডা. ফজলুর রোঃ শিফায়েতউল্লাহ যুগান্তরকে বলেন, প্রতি দেশের জন্য একটি অভ্যন্তরীণ ভাবে, দেশ-বিদেশে দক্ষ নার্সের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। সে তুলনায় বাংলাদেশের নার্সরা এতদিন পিছিয়ে ছিলেন। নার্সিং : পৃষ্ঠা ২ : কলাম ৬

### নার্সিং : বিএসসি

(৩য় পৃষ্ঠার পর)

মতামতের চালু হতে যাওয়া এ কোর্সের কারিকুলাম বাইল্যান্ডের আদলে তৈরি করা হয়েছে। বিশ্বব্যাপী সংস্থার অধীনে সহায়তার প্রদীত কারিকুলামে ইংরেজি ও বিহেভিয়ারাল সায়েন্সের ওপর অধিক গুরুত্বসহন করা হয়েছে। তিনি জানান, বিশ্বমানের নার্স গড়ে তুলতে আইল্যান্ড ও বাংলাদেশের নার্সিং শিক্স এবং নার্সদের মধ্যে শিক্ষা বিনিময়ের সুযোগ থাকবে। এর ফলে একেশের নার্সরা বিশ্বের যে কোন উন্নত দেশের নার্সদের মতোই চিকিৎসাসেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবেন।

খোঁজ নিয়ে জানা গেছে, বর্তমানে দেশের ৩৪টি নার্সিং ট্রেনিং সেন্টারে প্রতি বছর দেড় হাজার ছাত্রছাত্রী ডিপ্লোমা কোর্সে ভর্তি হচ্ছেন। নান প্রকাশ না করার দরত্রে স্বাস্থ্য অধিদপ্তরের একাধিক কর্মকর্তা জানান, রাজধানীতে বেশ কয়েকটি আন্তর্জাতিক মানের হাসপাতাল গড়ে উঠলেও ইংরেজিতে অদক্ষতা ও অচরণগত দুর্বলতার কারণে দেশীয় নার্সরা সেখানে খুব কম সুযোগ পান।

নার্সদের সঙ্গে আলাপকালে অধিকাংশ নার্সই ক্রোধ প্রকাশ করে বলেন, তাদের পুরনো কারিকুলামে পড়াশোনা করতে হয়। নিয়মবাসে ইংরেজি ও রুডুও তেমন নেই। শিক্ষাকার্মীরা আবাসন সমস্যা ও অধিক দৈন্যের কারণে তারা পড়াশোনায় মনোযোগী হতে পারেন না। বিএসসি কোর্স চালু হলে নার্সিং পেপার মান অনেক বৃদ্ধি পাবে বলে তারা মতামত করেন।